নড়াইলের জাসাস নেতা সোহেল মোল্লা হত্যার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

দেশব্যাপী নিষিদ্ধ ঘোষিত আওয়ামী সন্ত্রাসীদের হত্যা,অগ্নি সংযোগ, লুটপাট ও নড়াইলের কালিয়া উপজেলা জাসাস এর সাধারণ সম্পাদক সোহেল মোল্যা ও কৃষকদল নেতা শাহিন হত্যাকান্ডের প্রতিবাদে ঝিনাইদহ জেলা জাসাস এর উদ্যোগে এক প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২০নভেম্বর) সকালে ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এই সমাবেশ ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা জাসাস এর আহ্বায়ক এম এ কবীর, সদস্য সচিব কামরুজ্জামান লিটন, জাসাস নেতা জাহিদ হাসান, মোল্লা রাজা, সেলিম, সাইদুজ্জামান সাঈদ, মীর আলমগীর হোসেন, রিপন, মাহবুব, জাহিদ হোসেন এবং শিল্পী মিন্টুসহ অন্যান্য নেতৃবৃন্দ।

মানববন্ধনে বক্তারা বলেন, ফ্যাসিবাদী আওয়ামী সন্ত্রাসীদের বর্বরোচিত হামলায় জাসাস নেতা সোহেল মোল্লা নিহত হয়েছেন। এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, এটি পরিকল্পিত হত্যাকান্ড। একজন সাংস্কৃতিক ও রাজনৈতিক কর্মীকে এভাবে প্রকাশ্যে হত্যা করা গণতন্ত্র ও মতপ্রকাশের উপর সরাসরি আঘাত।

বক্তারা আরও বলেন, অবিলম্বে এই হত্যাকান্ডের সাথে জড়িত সকল অপরাধীকে গ্রেফতার করে সুষ্ঠু তদন্ডের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। অন্যথায় সারাদেশে জাসাস আরও কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবে। প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে মানববন্ধনে জাসাস ঝিনাইদহ জেলা এবং উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।